গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বিদ্যুৎ উইং

নং-২০.০৫.০০০০.৪৭৮.১৪.২৫৮.১৬- ১০৫

তারিখঃ ৭ ভাদ্র, ১৪২৩ বঙ্গাব্দ
২২ আগষ্ট, ২০১৬ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ** ১১/০৮/২০১৬ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) কর্তৃক প্রস্তাবিত "বিতরণ ব্যবস্থার ক্ষমতাবর্ধন, পুনর্বাসন ও নিবিড়করণ (রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল বিভাগ)"-শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার কার্যবিবরণী।

পরিকল্পনা কমিশনের ভারপ্রাপ্ত সদস্য (শিল্প ও শক্তি) বেগম জুয়েনা আজিজ এর সভাপতিত্বে গত ১১/০৮/২০১৬ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) কর্তৃক প্রস্তাবিত "বিতরণ ব্যবস্থার ক্ষমতাবর্ধন, পুনর্বাসন ও নিবিড়করণ (রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল বিভাগ)"-শীর্ষক প্রকল্পের ওপর পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটি'র (পিইসি) সভা অনুষ্ঠিত হয়।

২। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

22/08/2016

(আবু সাঈদ মোঃ কামরুজ্জামান)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯১৮০৬৪৬
ই-মেইলঃ kzaman050870@yahoo.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (দৃঃ আঃ যুগ্ম-সচিব, এডিবি)।
৩। সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃঃআঃ যুগ্ম-প্রধান, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা (১১ তলা)]।
৫। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৬। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৯। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১০। চেয়ারম্যান, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।

**অবগতির জন্য অনুলিপিঃ**

১। ভারপ্রাপ্ত সদস্য (শিল্প ও শক্তি) মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। প্রধান (শিল্প ও শক্তি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪। যুগ্ম-প্রধান (শিল্প ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫। যুগ্ম-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৬। উপ-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৭। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ

বিষয়ঃ ১১/০৮/২০১৬ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) কর্তৃক প্রস্তাবিত "বিতরণ ব্যবস্থার ক্ষমতাবর্ধন, পুনর্বাসন ও নিবিড়করণ (রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল বিভাগ)"-শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার কার্যবিবরণী।

পরিকল্পনা কমিশনের ভারপ্রাপ্ত সদস্য (শিল্প ও শক্তি) জুয়েনা আজিজ এর সভাপতিত্বে গত ১১/০৮/২০১৬ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) কর্তৃক প্রস্তাবিত "বিতরণ ব্যবস্থার ক্ষমতাবর্ধন, পুনর্বাসন ও নিবিড়করণ (রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল বিভাগ)"-শীর্ষক প্রকল্পের ওপর পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট-"ক" তে সন্নিবেশিত।

২। উপস্থাপনাঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং প্রকল্পটি উপস্থাপনের জন্য পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের প্রধানকে আহবান জানান। পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের প্রধান প্রকল্পের পটভূমিকায় উল্লেখ করেন যে, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে গ্রামীণ আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড প্রতিষ্ঠা করা হয়। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড মে'২০১৬ পর্যন্ত ৩,০৮,২৪২ কিঃমিঃ লাইনের মাধ্যমে ১৫৪.০০ লক্ষ গ্রাহককে বিদ্যুৎ সেবা প্রদান করছে। বাপবিবোর্ডের ৭৮টি পবিসের মধ্যে রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল বিভাগের ৩৫টি পবিসের ভৌগলিক এলাকায় বর্ণিত প্রকল্পটি প্রস্তাবিত। ৩৫টি পবিস, এ পর্যন্ত ১,৪৬,০১০ কিঃমিঃ বিতরণ লাইন ও ৩১৪টি ৩৩/১১ কেভি উপকেন্দ্রের মাধ্যমে ৭২.১ লক্ষ গ্রাহককে বিদ্যুৎ সেবা প্রদান করে আসছে।

বিতরণ ব্যবস্থা পুরাতন হওয়ায় বিতরণ লাইনের মধ্যে একটা বড় অংশ জরাজীর্ণ ও ওভারলোডেড অবস্থায় রয়েছে। বিদ্যুতের গুণগতমান উন্নয়ন, বিতরণ ব্যবস্থার সামর্থ্য বৃদ্ধি, সিস্টেম লস হ্রাস ও বিতরণ লাইন নিবিড়করণের লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি প্রস্তাব করা হয়েছে। ৩১৭০৫২.৬৮ লক্ষ (জিওবি ১২২১৪৪.৩৯ লক্ষ ও প্রঃসা ১৯৪৯০৮.২৯ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয় সম্বলিত এবং জুলাই, ২০১৬ থেকে জুন, ২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়িতব্য আলোচ্য প্রকল্পের মাধ্যমে মূলতঃ ১৮,০০০ কিঃমিঃ বিতরণ লাইনের পুনর্বাসন/ক্ষমতাবর্ধন, ৫৫০০ কিঃমিঃ নতুন লাইন নির্মাণ এবং ৪.৫ লক্ষ গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হবে।

৩। আলোচনাঃ

৩.১ *সভায় প্রকল্পের আওতায় প্রস্তাবিত জনবল অর্থ বিভাগের নির্ধারিত কমিটি কর্তৃক সুপারিশকৃত হয়েছে কিনা প্রসঙ্গে* বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, প্রস্তাবিত প্রকল্পটির জনবলের প্রস্তাব ইতোমধ্যে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। পুনর্গঠিত ডিপিপি জনবল নির্ধারণ কমিটির সুপারিশ মোতাবেক জনবল পুনর্গঠনসহ প্রকল্পের ব্যয় প্রাক্কলন হালনাগাদ করা হবে।

৩.২ সভায় প্রকল্পের পরিবেশগত প্রভাব মূল্যায়ন (EIA) সম্পন্ন করা হয়েছে কিনা সে বিষয়ে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, প্রকল্পটির EIA সম্পন্নকরণের লক্ষ্যে ইতোমধ্যে পরামর্শক প্রতিষ্ঠান CEGIS এর Technical ও Financial Offer যাচাই-বাছাই এর কাজ প্রক্রিয়াধীন অবস্থায় রয়েছে। আশা করা যায় আগষ্ট, ২০১৬ ইং মাসের মধ্যে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করা সম্ভব হবে। বিস্তারিত আলোচনার পর প্রকল্প অনুমোদনের পূর্বশর্ত হিসেবে পরিবেশ অধিদপ্তর থেকে দ্রুততম সময়ের মধ্যে EIA সম্পন্ন করতঃ তার আলোকে পুনর্গঠিত ডিপিপি'তে প্রয়োজনীয় তথ্যাদি সন্নিবেশ করার বিষয়ে সভায় ঐকমত্য হয়।

৩.৩ সভায় এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগের ০২/০৬/২০১৬ তারিখের পত্র মোতাবেক "বিদ্যুৎ বিতরণ সংক্রান্ত জটিলতা এড়ানোর জন্য বিদ্যুৎ বিতরণ সংক্রান্ত প্রকল্প গ্রহণের সময় কোন সংস্থা/বোর্ড/কোম্পানি বিদ্যুৎ বিতরণ করবে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকতে হবে" বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, আলোচ্য প্রকল্পের আওতায় জাতীয় গ্রিডের সাথে নতুন করে সম্পৃক্ত/সংযুক্ত করার প্রয়োজন হবে না। জাতীয় গ্রিডের সাথে ইতোমধ্যে সংযুক্ত লাইনসমূহের ক্ষমতাবর্ধণ/পুনর্বাসন কাজ করা হবে। এর ফলে বিদ্যুৎ বিতরণ সংক্রান্ত কোন জটিলতা সৃষ্টি হবে না। তিনি আরো জানান যে, বর্ণিত প্রকল্পটি বাপবিবোর্ডের আওতাধীন ৩৬টি পবিসের ভৌগলিক এলাকায় বাস্তবায়িত হবে যদিও ডিপিপিতে ৩৫ টি পবিসের উল্লেখ আছে। সম্প্রতি বগুড়া পবিস এর পরিসর বৃদ্ধি পাওয়ায় দুটি পবিস সৃষ্টির ফলে সংখ্যার তারতম্য হয়েছে। সভায় বিস্তারিত আলোচনান্তে, এনইসি সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে বিদ্যুৎ বিভাগের এ বক্তব্য এবং প্রকল্পভুক্ত এলাকায় পবিসের পরিবর্তিত সংখ্যা পুনর্গঠিত ডিপিপিতে সন্নিবেশ করার বিষয়ে মত প্রকাশ করা হয়।

৩.৪ পরিকল্পনা কমিশনের পক্ষ থেকে সভায় উল্লেখ করা হয় যে, Feasibility Study Report আরও তথ্যবহুল হওয়া বাঞ্ছনীয়। বর্তমানে আরইবি'র আওতায় গ্রাহক চাহিদা কত, বর্তমানে সংযোগ কত, আলোচ্য প্রকল্পের মাধ্যমে কত দেয়া সম্ভব হবে, ঘাটতি কত থাকবে, কিভাবে তা পূরণ করা হবে, ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও বিদ্যুতের মাস্টার প্লান ২০১০ এর আলোকে Feasibility Study Report টি স্বয়ং সম্পূর্ণভাবে প্রণয়ন করা আবশ্যক। এ প্রসংগে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, পরিকল্পনা কমিশনের চাহিদামাফিক Feasibility Study প্রতিবেদন পুনর্গঠিত ডিপিপিতে পরিমার্জিত অবয়বে সন্নিবেশ করা হবে মর্মে উল্লেখ করা হলে সভা এ বিষয়ে একমত পোষণ করে।

৩.৫ সভায় প্রকল্পের আওতায় প্রস্তাবিত গাড়ির সংখ্যার [জীপ-৬টি, পিকআপ (ডাবল ক্যাবিন ১টি), মটর সাইকেল ১০টির] যৌক্তিকতা সম্পর্কে বিদ্যুৎ বিভাগের মতামত জানতে চাওয়া হলে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, প্রকল্পটি বাস্তবায়নে ১ জন প্রকল্প পরিচালক ও মাঠ পর্যায়ের ৬ জন নির্বাহী প্রকৌশলীর জন্য ৬টি জীপ ও ১টি পিক-আপ সংগ্রহের প্রস্তাব করা হয়েছে। প্রকল্পটি বাংলাদেশের পশ্চিমাঞ্চলের ৪টি বিভাগের আওতাধীন ৩৬টি পবিসের ভৌগলিক এলাকায় বাস্তবায়িত হবে। প্রকল্পের কাজ বর্ণিত বিশাল এলাকায় সুষ্ঠুভাবে বাস্তবায়নের স্বার্থে যানবাহনসমূহ জরুরী। আইএমইডির প্রতিনিধি জীপ গাড়ির প্রাক্কলন নিয়ে আলোচনায় প্রগতি কর্তৃক প্রস্তুতকৃত জীপ গাড়ির মূল্য অনুযায়ী তা পুনর্গঠিত ডিপিপিতে সংশোধনের বিষয়ে অভিমত ব্যক্ত করলে সভায় বিস্তারিত আলোচনান্তে, প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত ২টি জীপ, ৫টি ডাবল কেবিন পিক-আপ ও ১০টি মোটর সাইকেল ক্রয়ের সংস্থানসহ ব্যয় প্রাক্কলন প্রস্তাব মোতাবেক পুনঃনির্ধারণ করার বিষয়ে সভায় ঐকমত্য প্রতিষ্ঠিত হয়।

৩.৬ প্রকল্প সাহায্য প্রসঙ্গে ইআরডি'র প্রতিনিধি উল্লেখ করেন যে, আলোচ্য প্রকল্পের উপর এডিবি'র ফ্যাক্ট ফাইন্ডিং মিশন কর্তৃক ''বিতরণ ব্যবস্থার ক্ষমতাবর্ধণ, পুনর্বাসন ও নিবিড়করণ (রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল বিভাগ)" এবং ''বিতরণ ব্যবস্থার ক্ষমতাবর্ধণ, পুনর্বাসন ও নিবিড়করণ (ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগ)'' শীর্ষক প্রকল্প ২টির বিপরীতে প্রকল্প সাহায্য হিসাবে সর্বমোট ৫০০ মিলিয়ন মার্কিন ডলার প্রদানের বিষয় নিশ্চিত করা হয়েছে। তিনি আরো উল্লেখ করেন যে, সর্বশেষ Aid Memorie- অনুযায়ী আগামী সেপ্টেম্বর ২০১৬ মাসে ঋণ নেগোসিয়েশন এবং জানুয়ারী ২০১৭ মাসে ঋণ চুক্তি স্বাক্ষরিত হওয়ার বিষয় উল্লেখ রয়েছে। আলোচ্য প্রকল্পের অনুকূলে প্রকল্প সাহায্য বাবদ এডিবি থেকে ২৫৫.৯১ মিলিয়ন মার্কিন ডলার প্রাপ্তির বিষয়টি উল্লেখ রয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে জিওবি ও প্রকল্প সাহায্য বাবদ কোন্ কোন্ খাতে কত বরাদ্দ প্রয়োজন হবে তা সর্বশেষ Fact Finding Mission কর্তৃক চূড়ান্ত হওয়ার পর ইআরডি থেকে সংগ্রহপূর্বক সে মোতাবেক ডিপিপি পুনর্গঠন করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। এছাড়া প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষকে নিবিড়ভাবে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সাথে যোগাযোগ রক্ষা করার জন্য পরামর্শ প্রদান করা হয়।

৩.৭ সভায় গত ০৫/০৪/২০১৬ তারিখে অনুষ্ঠিত এনইসি সভায় অন্যান্য সিদ্ধান্তের মধ্যে "ভূমি অধিগ্রহণের পরিমাণ ন্যূনতম পর্যায়ে রাখার লক্ষ্যে উর্ধ্বমুখী সম্প্রসারণ নীতি গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে" একটি সিদ্ধান্ত রয়েছে মর্মে উল্লেখ করা হলে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি জানান যে, বিদ্যমান ভবনসমূহের উর্ধ্বমূখী সম্প্রসারণ এবং প্রস্তাবিত জোনাল অফিসসমূহ পল্লী বিদ্যুৎ সমিতির নিজস্ব জমিতে ভবন নির্মাণ করা হবে। বিধায়, বর্ণিত প্রকল্পের আওতায় কোন ভূমি অধিগ্রহণের প্রয়োজন হবে না। প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে উর্ধ্বমূখী সম্প্রসারণ নীতি অনুসরণ করে নকশা ও ডিটেইল ডিজাইন

প্রণয়ন করা হবে। সভায় বিস্তারিত আলোচনান্তে, প্রতিটি এলাকায় নির্মাণ কাজের জন্য লে-আউট প্ল্যান ডিপিপি'তে সংযুক্ত করার বিষয়ে সভায় ঐকমত্য প্রতিষ্ঠিত হয়।

৩.৮ আলোচ্য প্রকল্পের অর্থায়নের প্রস্তাবে সংস্থার কোন অবদান অন্তর্ভুক্তিসহ জিওবি অর্থের চাপ কমানোর লক্ষ্যে আরইবি'র ন্যূনতম পার্টিসিপেশন থাকা বাঞ্চনীয় মর্মে উল্লেখ করে পরিকল্পনা কমিশন থেকে মতামত ব্যক্ত করা হয়। এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, আলোচ্য প্রকল্পের অর্থায়নের প্রস্তাবে সংস্থার কোন অবদান উল্লেখ না থাকলেও প্রকল্পের আওতায় প্রস্তাবিত প্রেষণরত জনবলের বেতন-ভাতাদি বাবদ ব্যয় বাপবিবোর্ডের রাজস্ব খাত হতে নির্বাহ করা হবে। সভায় বিস্তারিত আলোচনান্তে পুনর্গঠিত ডিপিপিতে প্রস্তাবিত প্রেষণরত জনবলের বেতন-ভাতাদি বাবদ ব্যয় বাপবিবোর্ডের নিজস্ব তহবিল হিসেবে উল্লেখ করার বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়।

৩.৯ সভায় উল্লেখ করা হয় যে, ডিপিপি'তে সংযুক্ত এমটিবিএফ সংক্রান্ত তথ্যাদি হাল-নাগাদ নয়। এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, এমটিবিএফ সংক্রান্ত তথ্যাদি হালনাগাদপূর্বক তা পুনর্গঠিত ডিপিপিতে সংযোজন করা হবে।

৩.১০ সভায় উল্লেখ করা হয় যে, প্রকল্পের ব্যয় প্রাক্কলনের হিসেবে সংখ্যাগত ত্রুটিসহ কতিপয় মুদ্রণজনিত ত্রুটি পরিলক্ষিত হয় যা সংশোধন করা প্রয়োজন। এছাড়া ডিপিপি'র Logical Framework পরিমার্জনের প্রয়োজনীয়তার বিষয়েও আলোচনা হয়। এ বিষয়ে বিদ্যুৎ বিভাগ সভাকে জানায় যে, কমিশন কর্তৃক প্রস্তাবিত এবং ডিপিপিতে চিহ্নিত সকল ধরণের ত্রুটি-বিচ্যুতি সংশোধন এবং Logical Framework পরিমার্জনপূর্বক পুনর্গঠিত ডিপিপি প্রণয়ন করা হবে।

৪। **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ প্রতিপালন সাপেক্ষে "বিতরণ ব্যবস্থার ক্ষমতাবর্ধন, পুনর্বাসন ও নিবিড়করণ (রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল বিভাগ)"-শীর্ষক প্রকল্পটি অনুমোদনের সুপারিশ করা হয়ঃ

৪.১ প্রকল্পের জনবল অর্থ বিভাগের নির্ধারিত কমিটি কর্তৃক সুপারিশের ভিত্তিতে পুনর্গঠিত ডিপিপিতে জনবলের সংখ্যা নির্ধারণকরতঃ প্রাক্কলন করতে হবে;

৪.২ প্রকল্প অনুমোদনের পূর্বশর্ত হিসেবে পরিবেশ অধিদপ্তর থেকে দ্রুততম সময়ের মধ্যে EIA সম্পন্ন করতঃ তা পুনর্গঠিত ডিপিপি'তে সন্নিবেশ করতে হবে;

৪.৩ এনইসি সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে বিদ্যুৎ বিভাগকে পুনর্গঠিত ডিপিপিতে "বিদ্যুৎ বিতরণ সংক্রান্ত জটিলতা এড়ানোর জন্য বিদ্যুৎ বিতরণ সংক্রান্ত প্রকল্প গ্রহণের সময় কোন সংস্থা/বোর্ড/কোম্পানি বিদ্যুৎ বিতরণ করবে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকতে হবে" সম্পর্কে তথ্যাদি সন্নিবেশ করতে হবে এবং প্রকল্পভুক্ত এলাকায় পবিসের পরিবর্তিত সংখ্যা পুনর্গঠিত ডিপিপিতে সন্নিবেশ করতে হবে;

৪.৪ Feasibility Study Report আরও তথ্যবহুল হওয়া বাঞ্চনীয়। বর্তমানে আরইবি'র আওতায় গ্রাহক চাহিদা কত, বর্তমানে সংযোগ কত, আলোচ্য প্রকল্পের মাধ্যমে কত দেয়া সম্ভব হবে, ঘাটতি কত থাকবে, কিভাবে তা পূরণ করা হবে, ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও বিদ্যুতের মাস্টার প্লান ২০১০ এর আলোকে Feasibility Study Report টি আরও তথ্যবহুল এবং স্বয়ংসম্পূর্ণভাবে প্রণয়ন করতে হবে;

৪.৫ প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত ২টি জীপ, ৫টি ডাবল কেবিন পিক-আপ ও ১০টি মোটর সাইকেল ক্রয়ের সংস্থানসহ ব্যয় প্রাক্কলন প্রস্তাব মোতাবেক পুনঃনির্ধারণ করে ডিপিপি পুনর্গঠন করতে হবে;

৪.৬ জিওবি ও প্রকল্প সাহায্য বাবদ কোন কোন খাতে কত বরাদ্দ প্রয়োজন হবে তা এডিবি'র Fact Finding Mission কর্তৃক চূড়ান্ত হওয়ার পর সে মোতাবেক ডিপিপি পুনর্গঠন করতে হবে;

৪.৭ প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে ''উর্ধ্বমূখী সম্প্রসারণ নীতি অনুসরণ'' বিষয়টি বিবেচনা করে দাপ্তরিক ও আবাসিক ভবনের নকশা ও ডিটেইল ডিজাইন প্রণয়ন করতে হবে। প্রতিটি জোনাল অফিসের নির্মাণ কাজের জন্য লে-আউট প্ল্যান পুনর্গঠিত ডিপিপি'তে সংযুক্ত করতে হবে;

৪.৮ প্রেষণরত জনবলের বেতন-ভাতাদি বাবদ ব্যয় বাপবিবোর্ডের নিজস্ব তহবিল হিসেবে পুনর্গঠিত ডিপিপি'তে উল্লেখ করতে হবে;

৪.৯ এমটিবিএফ সংক্রান্ত তথ্যাদি হালনাগাদপূর্বক তা পুনর্গঠিত ডিপিপিতে সংযোজন করতে হবে;

৪.১০ ডিপিপিতে চিহ্নিত সকল ধরণের ত্রুটি-বিচ্যুতি সংশোধন এবং Logical Framework পরিমার্জনপূর্বক ডিপিপি পুনর্গঠণ করতে হবে; এবং

৪.১১ আলোচনা মোতাবেক ও উপর্যুক্ত সিদ্ধান্তসমূহের আলোকে ডিপিপি পুনর্গঠন করে পুনর্গঠিত ডিপিপি সত্বর পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।

৫। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

(জুয়েনা আজিজ)
ভারপ্রাপ্ত সদস্য
শিল্প ও শক্তি বিভাগ
পরিকল্পনা কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বিদ্যুৎ উইং, শাখা-১

বিষয়ঃ ১১/০৮/২০১৬ তারিখে অনুষ্ঠিত "বিতরণ ব্যবস্থার ক্ষমতাবর্ধন, পুনর্বাসন ও নিবিড়করণ (রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল বিভাগ)"-শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভায় উপস্থিত কর্মকর্তাগনের তালিকা।

| ক্রমিক নং | নাম, পদবী ও মন্ত্রণালয়/সংস্থা | ফোন নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | শেখ মো: আব্দুল আহাদ<br>যুগ্ম-প্রধান<br>বিদ্যুৎ বিভাগ | 07922-112926 | jc@pd.gov.bd | [signature] |
| ২. | মো: নূরুল ইসলাম ভূঁইয়া<br>সদস্য (অপারেশন ও [illegible])<br>বাপাবিবো | 029567802090 | memberpndbreb@gmail.com | [signature] |
| ৩. | সৈয়দ মাহবুবুর রহমান,<br>পরিচালক (কার্যক্রম পরি:)<br>বিআরইবি | 01711985671 | rebdirpp@gmail.com | [signature] |
| ৪. | হিল্লোল দত্ত<br>প্রকল্প পরিচালক<br>URIDS (RRKB) Project<br>BREB | 01716222582 | uridsrrkbbreb@gmail.com | [signature] |
| ৫. | মোহাং অলিউল্লাহ মিয়া<br>উপ-সচিব, ERD | 01716185859 | md.waliullah62@yahoo.com | [signature] |
| ৬. | শেখ শরীফ উদ্দিন<br>উপ-প্রধান | 01712077023 | roopkumar2001@gmail.com | [signature] |
| ৭. | Md. Khalilur Rahman<br>J. C | 01823457412 | | [signature] |
| ৮. | মো: মাহবুব [illegible]<br>প্রধান | | | [signature] ১১/৮/২০১৬ |
| ৯. | নিশাত আক্তার<br>সহকারী প্রধান<br>শিল্প ও শক্তি বিভাগ | 01716121856 | nishatbd27@gmail.com | [signature] |

| ক্রমিক নং | নাম, পদবী ও মন্ত্রণালয়/সংস্থা | ফোন নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১০. | সাদিয়া আফরোজ<br>সহকারী প্রধান<br>জিইডি | 01715790099 | afrozbau88@gmail.com | Afroz<br>11.8.16 |
| ১১. | সাবিনা রওশন<br>সহকারী প্রধান<br>কার্যক্রম বিভাগ | 9180662 | sbn_rsn@yahoo.com | [illegible]<br>11-08-16 |
| ১২. | মোঃ তাওসীফ রহমান<br>সহকারী পরিচালক<br>আইএমইডি | 9110010 | mishu.eee.2001@gmail.com | Tawsif<br>11/08/2016 |
| ১৩. | [illegible]<br>DD (Tech) | 8900308 | rebdirpp@gmail.com | [illegible]<br>11/08/16 |
| ১৪. | | | | |
| ১৫. | | | | |
| ১৬. | | | | |
| ১৭. | | | | |
| ১৮. | | | | |
| ১৯. | | | | |
| ২০. | | | | |